উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোরেলগঞ্জ, বাগেরহাট।

## হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/১৪২৭ বঙ্গাব্দ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখা এর ০৬ আশ্বিন ১৪১৮/২১ সেপ্টেম্বর ২০১১খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০নং স্মারকে জারিকৃত নীতিমালা এবং ০৮ ফাল্গুন ১৪২৪/২০ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩নং স্মারকের পরিপত্রের আলোকে মোরেলগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ৩৯ (উনচল্লিশ) টি হাট-বাজার ১৪২৭ বঙ্গাব্দের জন্য (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ১ (এক) বছর মেয়াদ কালের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

### হাট-বাজারের নামঃ

| ক্রঃ নং | হাট/বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪২৭ বঙ্গাব্দে ইজারার জন্য সরকারি মূল্য | দরপত্র সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | চুলিগাতী হাট | তেলিগাতী | ৬,০০৭/- | ৫০০/- |
| ০২। | হেড়মা হাট | ঐ | ১০,২৪৭/- | ৫০০/- |
| ০৩। | পাঁচগাও হাট | পঞ্চকরণ | ৫৭,০৯৯/- | ৫০০/- |
| ০৪। | পঞ্চকরণ হাট | ঐ | ৬,৩৪২/- | ৫০০/- |
| ০৫। | ভাটখালী হাট | পুটিখালী | ৬৬,২৮৫/- | ৫০০/- |
| ০৬। | সোনাখালী হাট | ঐ | ৫২,৩৯৯/- | ৫০০/- |
| ০৭। | মঙ্গলের হাট | ঐ | ৫২,৬৩৬/- | ৫০০/- |
| ০৮। | দৈবজ্ঞহাটী হাট | দৈবজ্ঞহাটী | ২৪,৭৩,০৮২/- | ৫,৬০০/- |
| ০৯। | পোলের হাট | ঐ | ৩,৭০,২৫৬/- | ১,৪০০/- |
| ১০। | আমতলা হাট | ঐ | ৪৬,২৮৭/- | ৫০০/- |
| ১১। | মুন্সীর হাট | ঐ | ৩,৪৯৮/- | ৫০০/- |
| ১২। | হাশেমখার হাট | ঐ | ৭৪২/- | ৫০০/- |
| ১৩। | কামলা পোলের হাট | রামচন্দ্রপুর | ৪৭,৩৯৪/- | ৫০০/- |
| ১৪। | শহীদ আঃ রশিদখার হাট | ঐ | ১৮,০৩৮/- | ৫০০/- |
| ১৫। | চিংড়াখালী হাট | চিংড়াখালী | ১,৪৬,৫৬৩/- | ১,০০০/- |
| ১৬। | বৌলপুর হাট | হোগলাপাশা | ৯,২৮,২২৬/- | ২,৬০০/- |
| ১৭। | শৌলখালী হাট | ঐ | ১,৩৪,৭১৭/- | ১,০০০/- |
| ১৮। | বনগ্রাম হাট | বনগ্রাম | ২২,৩৫৯/- | ৫০০/- |
| ১৯। | কালিকাবাড়ী হাট | বলইবুনিয়া | ৬,৭৫,৫৫৮/- | ২,০০০/- |
| ২০। | হোগলাবুনিয়া হাট | হোগলাবুনিয়া | ৮,৩৩৯/- | ৫০০/- |
| ২১। | চৌকিদারের হাট | ঐ | ১২,৭২০/- | ৫০০/- |
| ২২। | ফুলহাতা বাজার | বহরবুনিয়া | ৭৯,১৯৫/- | ৫০০/- |
| ২৩। | মাদ্রাসা হাট | জিউধরা | ৬০,৭৫২/- | ৫০০/- |
| ২৪। | ঢেউয়াতলা হাট | ঐ | ৫,১০৬/- | ৫০০/- |
| ২৫। | লক্ষীখালী হাট | ঐ | ৪৩,৮৭১/- | ৫০০/- |
| ২৬। | জয়বাংলা হাট | ঐ | --- | ৫০০/- |
| ২৭। | জিউধরা হাট | নিশানবাড়ীয়া | ১,৫৪,৫১৩/- | ১,০০০/- |
| ২৮। | গুলিশাখালী হাট | ঐ | ৪,৮৮,৭৮৪/- | ১,৬০০/- |
| ২৯। | কেয়ারের রাস্তার হাট | ঐ | ৬,৪৯৮/- | ৫০০/- |
| ৩০। | তেতুলবাড়ীয়া হাট | বারইখালী | ৯৩,৮৫৪/- | ৫০০/- |
| ৩১। | বিশারীঘাটা হাট | মোরেলগঞ্জ | ৩০,৫৭৫/- | ৫০০/- |
| ৩২। | সন্যাসী বাজার | খাউলিয়া | ৩,৩৭,১১৫/- | ১৪০০/- |
| ৩৩। | পূর্বচিপা বারইখালী হাট | ঐ | ৮২,৮৯৫/- | ৫০০/- |
| ৩৪। | খাউলিয়া হাট | ঐ | ১৭,৬৮৬/- | ৫০০/- |
| ৩৫। | সন্যাসীলক্ষ্মঘাট হাট | ঐ | ১২,৫২৬/- | ৫০০/- |
| ৩৬। | বানিয়াখালী হাট | ঐ | ২,৮১,২৫৩/- | ১,২০০/- |
| ৩৭। | আমতলী হাট | ঐ | ৪৫,৯৭৫/- | ৫০০/- |
| ৩৮। | কুমারখালী অপদার হাট | ঐ | ১,৭৭০/- | ৫০০/- |
| ৩৯। | পল্লী মঙ্গলের হাট | ঐ | ১,৪৮,০৪৭/- | ১,০০০/- |

# শর্তাবলীঃ-

০১। বাংলা ১৪২৭ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফশীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শণের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয় কর) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন। ইজারা গ্রহীতা নিয়োমিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্যকোন ক্ষতি সাধন করলে জমাকৃত জামানত হতে তা মিটানো হবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাঝা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সাইর্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

### দরপত্র সিডিউল প্রাপ্তির এবং দাখিলের স্থান ও তারিখ

ক) হাট-বাজারের দরপত্র সিডিউল নির্ধারণ মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়/সহকারী কমিশনার (ভূমি), মোরেলগঞ্জ এর কার্যালয়/ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মোরেলগঞ্জ শাখা/অফিসার ইচ-চার্জ, মোরেলগঞ্জ থানা এর কার্যালয় হতে নিম্নতফসীল বর্ণিত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময়ের মধ্যে ক্রয় করা যাবে।

খ)। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে/জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ে/পুলিশ সুপার, বাগেরহাট এর কার্যালয়ে/ সহকারী কমিশনার (ভূমি), মোরেলগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহণ করা হবে।

গ) দরপত্র পর্যায়ক্রমে নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে যথাক্রমে ১ম দফা, ২য় দফা ও ৩য় দফার মতো গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ১ম দফায় দাখিলকৃত দরপত্রের দর সন্তোষজনক না হলে বা পাওয়া না গেলে ২য় দফা এবং অনুরূপভাবে ২য় দফায় দরপত্র আহবানে দরপত্র পাওয়া না গেলে বা দরপত্র দর সন্তোষজনক না হলে ৩য় দফা দরপত্র সিডিউল গ্রহণ করা হবে।

ঘ) তফসীল মোতাবেক ১ম দফায় দরপত্র আহবানে কোন হাট-বাজারের ইজারা সম্পন্ন হলে তা ২য় দফার দরপত্র আহবানের তফসীল হতে বাদ বলে গণ্য হবে। অনুরূপভাবে ২য় দফা ও ৩য় দফা দরপত্র আহবানে কোন হাট-বাজার ইজারা হলে তা তৎপরবর্তী সিডিউল হতে উক্ত হাট-বাজারের নাম বাদ বলে গণ্য হবে।

ঙ) দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী ঃ-

| দরপত্র সিডিউল ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময় | দরপত্র সিডিউল খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম দফা বিজ্ঞপ্তি প্রচারের তারিখ হতে ১৭/০২/২০২০ খ্রিঃ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৮/০২/২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৮/০২/২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ২.০০ টা |
| ২য় দফা ২৪/০২/২০২০ খিঃ তারিখ হতে ০৯/০৩/২০২০ খ্রিঃ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১০/০৩/২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ১০/০৩/২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ২.০০ টা |
| ৩য় দফা ১৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে ৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ৩১/০৩/২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ৩১/০৩/২০২০ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ২.০০ টা |

৩০/১/২০২০

(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
মোরেলগঞ্জ, বাগেরহাট
ফোনঃ ০৪৬৫৬-৫৬২২২।

স্মারক নং- ০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২০- ১৫৯ তারিখ ঃ ৩০/০১/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
০৩। পুলিশ সুপার, বাগেরহাট। তাঁকে নির্ধারিত দিনে একটি দরপত্র বাক্স তার দপ্তরে স্থাপন করে এবং কোন দরপত্র পাওয়া গেলে দরপত্র সমূহ যথাশীঘ্র সম্ভব বাহক মারফত অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বাগেরহাট।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, বাগেরহাট কালেক্টরেট। তাঁকে নির্ধারিত দিনে একটি দরপত্র বাক্স তার দপ্তরে স্থাপন করিতে এবং কোন দরপত্র পাওয়া গেলে দরপত্র সমূহ যথাশীঘ্র সম্ভব বাহক মারফত অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার.............................................................(সকল উপজেলা), বাগেরহাট।
০৮। সহকারি কমিশনার(ভূমি), মোরেলগঞ্জ ৫নং ক্রমিকের অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। উপজেলা .................................................. কর্মকর্তা, মোরেলগঞ্জ, বাগেরহাট।
১০। চেয়ারম্যান................................................ ইউনিয়ন পরিষদ (সকল), মোরেলগঞ্জ, বাগেরহাট। অত্রসাথ প্রেরিত ১০ কপি নোটিশ জনসাধারণের জ্ঞাতার্থে তাহার ইউনিয়নের হাট-বাজার ও অন্যান্য গুরুত্বপূর্ন স্থানে লটকাইয়া রাখা এবং ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা ............................................ ইউনিয়ন ভূমি অফিস, মোরেলগঞ্জ। তাকে এলাকাধীন হাট-বাজার সমূহে বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সম্পাদক, ........................................................................................। উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে সংক্ষিপ্ত আকারে একদিনের জন্য প্রকাশ করতে অনুরোধ করা হলো।
১৩। জনাব..............................................পিং...............................................সাং.............................................. এবং ........................................ হাটের বাংলা............................ সালের ইজারা গ্রহণকারী/ডাককারী।
১৪। নোটিশ বোর্ড অত্রকার্যালয়।

৩০/১/২০২০

উপজেলা নির্বাহী অফিসার
মোরেলগঞ্জ, বাগেরহাট
ফোনঃ ০৪৬৫৬-৫৬২২২।